

আলোচনা সভা, রংপুর

স্থায়িত্বশীল উন্নয়ন অভীষ্ট-২০৩০ অর্জনে দলিত ও চাজনগোষ্ঠীর অন্তর্ভুক্তিকরণ

গত ৩০ ডিসেম্বর, ২০১৯ রংপুর শিল্পকলা একাডেমি মিলনায়তনে স্থায়িত্বশীল উন্নয়ন স্থানীয়করণ অভীষ্ট-২০৩০ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিকরণ বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন শিক্ষাবিদ মলয় কিশোর ভট্টাচার্য্য সাবেক বিভাগীয় সভাপতি-অর্থনীতি বিভাগ, কারমাইকেল কলেজ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহসিনা খাতুন প্যানেল চেয়ারম্যান জেলা পরিষদ রংপুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: মাসুদার রহমান মিলন-উপজেলা ভাইস চেয়ারম্যান, রংপুর সদর, মোছা: কাজলী বেগম-উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, রংপুর সদর, ইরা হক, প্রেসিডেন্ট, উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, রংপুর, অধ্যক্ষ খন্দকার ফখরুল আনাম বেঞ্জু-সভাপতি, সুজন, রংপুর মহানগর, রংপুর। জাকির হোসেন-প্রধান নির্বাহী নাগরিক উদ্যোগ, সভা সঞ্চালনা করেন উত্তম কুমার ভক্ত-সাধারণ সম্পাদক বিডিইআরএমএম।



সভার শুরুতে দলিত জনগোষ্ঠীর উপর নির্মিত ডকুমেন্টারী প্রদর্শন করা হয়। এরপর স্বাগত বক্তব্য উত্তম কুমার দাস-সাধারণ সম্পাদক বিডিইআরএম রংপুর জেলা কমিটি। মূল প্রবন্ধ উপস্থাপন করেন দলিত ও বঞ্চিত অধিকার প্রকল্পের কর্মসূচি কর্মকর্তা বকুল হোসেন। এরপর রংপুর বিভাগের ৮ জেলার ১৬ জন প্রতিনিধি স্ব স্ব এলাকার দলিত জনগোষ্ঠীর অবস্থা তুলে ধরেন। প্রধান অতিথি মহসিনা খাতুন নাগরিক উদ্যোগের প্রতি কৃজ্ঞতা জ্ঞাপন করে বলেন তিনি দলিত জনগোষ্ঠীর পাশে থেকে তাতেও সহযোগিতা করার চেষ্টা করবেন। খন্দকার ফখরুল আনাম বেঞ্জু বলেন দলিতরা কোন দুর্নীতি করে না, মারামারি করে না তবে তাতেও শৃঙ্খলিত জীবন যাপন করার পরামর্শ দেন এবং দলিত জনগোষ্ঠী কোন প্রকার সমস্যায় পড়লে তিনি তার সাধ্যমত সহযোগিতা করার চেষ্টা করবেন। নাগরিক উদ্যোগের প্রধান নির্বাহী ও বিডিইআরএম এর উপদেষ্টা জাকির হোসেন বলেন বিগত ১০ বছরে বিডিইআরএম অনেক উন্নতি করেছে এবং তাদের অনেক গুলো সফলতাও আছে। তিনি জানান দেশের ১নং নাগরিক তারাই যারা অপকর্ম করে না। দলিতরা শান্তিপূর্ণভাবে বসবাস করেছে কিন্তু আইন শৃঙ্খলা বাহিনী দলিতদের বেশী অত্যাচার করে। তিনি আরো জানান বিশ্বের ৩৬টি দেশে জন্ম ও পেশার কারণে মানুষ বৈষম্যের শিকার হচ্ছে।